# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫৭৮

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৮. নামাযরত অবস্থায় অট্টহাসি সম্পর্কিত হাদীস এবং তার ত্রুটিসমূহ

بَاب أَحَادِيثِ الْقَهْقَهَةِ فِي الصَّلَاةِ وَعِلَلِهَا

আরবী

حَدَّثَنَا جَعْفَرُ بْنُ مُحَمَّدِ بْنِ نُصَيْرٍ ، نَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ سُلَيْمَانَ الْحَضْرَمِيُّ ، نَا مُحَمَّدُ بْنُ الْحَارِثِ الْحَرَّانِيُّ ، نَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ ، عَنِ ابْنِ إِسْحَاقَ ، عَنِ الْحَسَنِ بْنِ دِينَارٍ ، عَنْ قَتَادَةَ ، عَنْ أَبِي الْمَلِيحِ ، عَنْ أَبِيهِ ، قَالَ : كُنَّا نُصَلِّي خَلْفَ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فَجَاءَ رَجُلٌ ضَرِيرُ الْبَصَرِ ، فَتَرَدَّى فِي حُفْرَةٍ كَانَتْ فِي الْمَسْجِدِ ، فَضَحِكَ نَاسٌ مِنْ خَلْفِهِ ، فَأَمَرَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ مَنْ ضَحِكَ أَنْ يُعِيدَ الْوُضُوءَ وَالصَّلَاةَ . الْحَسَنُ بْنُ دِينَارٍ ، مَتْرُوكُ الْحَدِيثِ
وَرَوَى هَذَا الْحَدِيثَ أَيْضًا عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَمْرِو بْنِ جَبَلَةَ الْبَصْرِيُّ ـ وَهُوَ مَتْرُوكُ الْحَدِيثِ ـ عَنْ سَلَّامِ بْنِ أَبِي مُطِيعٍ ، عَنْ قَتَادَةَ ، عَنْ أَبِي الْعَالِيَةِ ، وَأَنَسِ بْنِ مَالِكٍ

বাংলা

৫৭৮(২). জা’ফার ইবনে মুহাম্মাদ ইবনে নুসায়ের (রহঃ) ... আবুল মালীহ (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পিছনে নামায পড়ছিলাম। এমন সময় এক অন্ধ ব্যক্তি এসে মসজিদের অভ্যন্তরের একটি গর্তে পড়ে গেল। তাতে তার পিছনের লোকজন হেসে ফেললো। অতএব যারা হেসেছে তাদেরকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পুনরায় উযু করতে এবং নামায পড়তে নির্দেশ দিলেন।

আল-হাসান ইবনে দীনার (রহঃ) হাদীসশাস্ত্রে পরিত্যক্ত রাবী। এই হাদীস আবদুর রহমান ইবনে আমর ইবনে জাবালা আল-বাসরী (রহঃ)-ও বর্ণনা করেছেন। তিনিও পরিত্যক্ত রাবী—নিম্নোক্ত সূত্রে সাল্লাম ইবনে আবু মুতী’-কাতাদা-আবুল আলিয়া ও আনাস ইবনে মালেক (রাঃ)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ মালীহ্ আল হুযালী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80367

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন